আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

04 NOVEMBER 2026 **7:45—7:55PM**

---

(১) অগ্নিবীর'এর কার্যকাল আরো দুবছর বৃদ্ধি করার বিষয়ে কেন্দ্রীয় মন্ত্রীসভার অনুমোদন/

(২) দেশে প্রধানমন্ত্রী সূর্যঘর বিনামূল্যে বিদ্যুৎ যোজনার আওতায় বিগত ১০৪ দিনে ৬৫ লক্ষের ও বেশি সৌর প্রণালী স্থাপন/

(৩) রূপান্তর এবং উন্নয়ন বিভাগের অধীনে রাজ্য পর্যায়ের খণ্ডভিত্তিক পর্ষদ গঠনে আসাম মন্ত্রীসভার অনুমোদন/

(৪) নবগঠিত শিলচর পৌরনিগমের নির্বাচিত সদস্যদের আগামীকাল শপথ গ্রহণ/ শপথ বাক্য পাঠ করাবেন রাজ্যের নগর উন্নয়ন বিভাগের সচিব ডঃ জীবন বাসভারাজ/

এবং

(৫) শ্রীভূমি শহরে বিগত বিজয়া দশমীর ভাসানের সময়ে সংঘটিত অপ্রীতিকর ঘটনার পরিপ্রেক্ষিতে গ্রেপ্তার হওয়া সাতজনের আজ জামিন মঞ্জুর/

কেন্দ্রীয় মন্ত্রীসভা অগ্নিবীরদের কার্যকাল দুবছর বৃদ্ধি করার বিষয়ে অনুমোদন জানিয়েছে ।এর পূর্বে চার বছর সম্পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গে তাদের কার্যকাল সমাপ্ত হত । কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকের পর আজ নতুন দিল্লীতে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় চীফ অব ডিফেন্স ষ্টাফ জেনেরেল এন এস রাজা সুব্রমণিয়ম বলেন যে চার বছর সম্পূর্ণ করা ৭৫ শতাংশ অগ্নিবীরের কার্যকাল অতিরিক্ত দুবছরের জন্য বৃদ্ধি করা হবে এবং এর পর আগ্রহী অগ্নিবীররা সেনাবাহিনীতে যোগদান করতে পারবেন ।তিনি বলেন যে অগ্নিবীরের

প্রথম ব্যাচের চারবছর সম্পূর্ণ হচ্ছে । জেনারেল সুব্রমণিয়ম বলেন যে ২৫ শতাংশ অগ্নিবীরকে যোগ্যতার ভিত্তিতে নিয়মিত সেনাবাহিনীতে যোগদানের সুযোগ প্রদান করা হবে ।বাকী ৭৫ শতাংশ অগ্নিবীরকে অতিরিক্ত দুবছরের কার্যকালের সুযোগ প্রদান করা হবে বলে তিনি উল্লেখ করেন । কার্যকাল বৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের পারিশ্রমিক ও বৃদ্ধি হবে বলে তিনি জানান ।

দেশে প্রধানমন্ত্রী সূর্যঘর বিনামূল্যে বিদ্যুৎ যোজনার অধীনে বিগত ১০৪ দিনে দেশে ৬৫ লক্ষেরও বেশি সৌর প্রণালী স্থাপন করা হয়েছে বলে নতুন ও নবীকরণযোগ্য শক্তি দপ্তরের মন্ত্রী প্রহ্লাদ যোশী জানিয়েছেন । নতুনদিল্লিতে অনুষ্ঠিত ভারত নবীকরণযোগ্য শক্তি সম্মেলন ও প্রদর্শনী-২০২৬ এর এক অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রী যোশী আজ বলেছেন যে- প্রতি ছ'দিনে এক লক্ষেরও বেশি সৌর প্রণালী স্থাপন করা হয়েছে । এই সাফল্য থেকে স্বচ্ছ এবং নবীকরণযোগ্য শক্তি রূপান্তর প্রক্রিয়ায় জনসাধারণের অংশগ্রহণকে বিশেষভাবে প্রমাণিত করে বলে মন্ত্রী দাবী করেছেন । শ্রী যোশী বলেছেন যে- দেশে জীবাশ্ম রহিত শক্তি সামর্থ্য ৩১০ গিগাওয়াট পর্যন্ত বৃদ্ধি পেয়েছে এবং এরমধ্যে ১৭২ গিগাওয়াট বিদ্যুৎ নবীকরণযোগ্য শক্তির উৎস থেকে আহরণ করা হয়েছে । ২০১৪ সালে দেশে নবীকরণযোগ্য শক্তি সামর্থ্য প্রায় তিন গিগাওয়াট ছিল বলেও তিনি উল্লেখ করেছেন ।

২০৪৭ সালের মধ্যে বিকশিত আসাম গড়ে তোলার লক্ষ্যে প্রশাসনকে আরো বেশি বিকেন্দ্রীকৃত ও জনমুখী করার জন্যে রাজ্য মন্ত্রীসভা রূপান্তর এবং উন্নয়ন বিভাগের অধীনে ১৩টি রাজ্য পর্যায়ের খণ্ডভিত্তিক পর্ষদ গঠনে অনুমোদন জানিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে গতকাল অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেঙোয়া হয়েছে । প্রশাসনকে কেবল সরকারি কার্যালয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে তৃণমূল পর্যায়ের জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । জনসাধারণের প্রতিটি গুরুত্বপূর্ণ দিককে অর্ন্তভুক্ত করার জন্য রাজ্যের মূল প্রশাসনিক ক্ষেত্রসমূহের সঙ্গে সঙ্গতি রেখে এই ১৩টি পর্ষদ গঠন করা হয়েছে । সর্বাধিক তিন বছরের জন্য গঠন করতে যাওয়া এই পর্ষদ সমূহ রাজ্যের প্রশাসনিক ব্যবস্থায় বিশেষ পরিবর্তন আনবে বলে আশা করা হচ্ছে ।

কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল এবং জলপথ দপ্তরের মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেছেন যে- ২০৪৭ সালের মধ্যে দেশের মোট মালবাহী পরিবহণে উপকূলীয় এবং অভ্যন্তরীণ

জলপথের অংশ বর্তমানের ৬ শতাংশ থেকে বেড়ে ১২ শতাংশ করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । উপকূলীয় এবং ক্রুজ জাহাজ পরিবহণ ব্যবস্থাকে আরো সুদৃঢ় করা সম্পর্কে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের উপদেষ্টা বৈঠকে পৌরহিত্য করে শ্রী সনোয়াল গতকাল একথা জানিয়েছেন। তিনি বলেন যে- প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিগত ১২ বছরে দেশের সামুদ্রিক ক্ষেত্রে অভূতপূর্ব পরিবর্তন হয়েছে । সরকার উপকূল এবং নদীসমূহকে অর্থনৈতিক বিকাশের চালিকা শক্তিতে রূপান্তরিত করার জন্য নিরন্তর কাজ করে আসছে বলে তিনি উল্লেখ করেছেন । তিনি বলেন যে- ২০২৬-২৭ অর্থবর্ষের কেন্দ্রীয় বাজেটে ঘোষণা করা 'কোস্টাল কা প্রমোশন' প্রকল্পের মাধ্যমে সামুদ্রিক উপকূলীয় মালবাহী পরিবহণ ব্যবস্থায় উৎসাহ যোগানোর পাশাপাশি মালিক, উপকূলীয় জাহাজ পরিচালক এবং বহুমুখী পরিবহণের ব্যবস্থার সঙ্গে জড়িত প্রতিষ্ঠানসমূহকে বিভিন্ন সুবিধা প্রদানের ব্যবস্থা করা হয়েছে । অনুরূপভাবে ২০২৪ সালের সেপ্টেম্বর মাসে আরম্ভ করা ক্রুজ ভারত মিশনের অধীনে ২০২৯ সালের মার্চ মাসের মধ্যে দেশে সাগর পথের ক্রুজ যাত্রীর সংখ্যা দশ লক্ষে বৃদ্ধি করা এবং আরো চার লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার লক্ষ্য ধার্য করা হয়েছে বলে শ্রী সনোয়াল জানিয়েছেন।

বিশ্ব বরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার পঞ্চদশ প্রয়ান দিবসে আগামীকাল শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ভূপেন হাজারিকা সাংস্কৃতিক ন্যাস এবং শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্র সমাজের যৌথ উদ্যোগে তথা রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের পোষকতায় মহা মিলনের তীর্থ শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে অরুণাচল প্রদেশের উপ-মুখ্যমন্ত্রী সৌনা মেইনকে আসাম এবং অরুণাচল প্রদেশের মধ্যে সমন্বয়ের বার্তাবাহক হিসেবে ভূপেন হাজারিকা সমন্বয় পুরস্কার প্রদান করা হবে । অনুষ্ঠানে 'মানুষ মানুষের জন্য 'শীর্ষক ভূপেন হাজারিকার বাংলা গানের একটি সংকলন উন্মোচন করা হবে ।

এদিকে আগামী ২৯ শে নভেম্বর নতুন দিল্লীর ভারত মন্ডপমে অনুষ্ঠেয় সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উদযাপনের সমাপ্তি অনুষ্ঠান এর জন্য রাজ্য সরকার প্রস্তুতি অব্যাহত রেখেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল এই প্রস্তুতি সম্পর্কে খোঁজ খবর নিতে বেশ কয়েকটি বৈঠকে মিলিত হয়ে অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সব ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেন ।

রাজ্যের হস্ততাঁত, বস্ত্র ও রেশম শিল্প বিভাগের মন্ত্রী বিশ্বজিৎ দৈমারী আজ গুয়াহাটির নেডফি হাউসে অনুষ্ঠিত উদ্যমিতা ও বহনক্ষম প্রযুক্তির জন্যে রেশম উৎপাদনে লাভ

করা অন্যান্য সামগ্রী সংক্রান্ত জাতীয় সম্মেলনের ‘চেরি ওয়েস্ট-২০২৬’ শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধনী কার্যসূচিতে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেছেন । বস্ত্র মন্ত্রণালয়ের অধীনের কেন্দ্রীয় রেশম পর্ষদের উদ্যোগে যোরহাটের লাহদৈগড়ের কেন্দ্রীয় মুগা এড়ি গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান এই সম্মেলনের আয়োজন করেছে । সম্মেলনে গবেষক, বিজ্ঞানী, রেশম বিশেষজ্ঞ, উদ্যোগী, ঔদ্যোগিক প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ এই ক্ষেত্রে জড়িত বিভিন্ন অংশীদারগণ রেশম শিল্পের উপ-উৎপাদন সমূহের সম্ভাবনা, এর বহনক্ষম ব্যবহার এবং উদ্ভাবনী প্রযুক্তির প্রয়োগ সম্পর্কে আলোচনা করা হয় ।

নবগঠিত শিলচর পৌর নিগমের প্রথম নির্বাচিত বোর্ডের আনুষ্ঠানিক যাত্রা আগামীকাল শুরু হচ্ছে ।আগামীকাল শিলচর পৌরনিগমের নবনির্বাচিত ৪২ জন কাউন্সিলর শপথ গ্রহণ করবেন ।শিলচর রাজীব ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে পৌরনিগমের মেয়র ও ডেপুটি মেয়র ও নির্বাচিত করা হবে পরে মেয়র ও ডেপুটি মেয়রও একই অনুষ্ঠানে শপথ গ্রহণ করবেন ।বেলা ১১ টায় মূল অনুষ্ঠান শুরু হবে ।শপথবাক্য পাঠ করাবেন রাজ্য সরকারের নগর উন্নয়ন বিভাগের প্রবীণ সচিব ডঃ জীবন বাসভারাজ ।এই ঐতিহাসিক শপথগ্রহণ অনুষ্ঠানকে স্মরণীয় করে তুলতে পৌর নিগম কর্তৃপক্ষের উদ্যোগে বহু বিশিষ্ট নাগরিককে আমন্ত্রণ জানানো হয়েছে ।

শ্রীভূমির বিসর্জন কান্ডে গ্রেপ্তার হওয়া সাতজন ব্যাক্তি প্রায় ১১ দিন জেলা কারাগারে বন্দি থাকার পর আজ জামিনে মুক্ত হয়েছেন ।প্রায় ১১ দিন জেলা কারাগরে বন্দি থাকার পর আদালতের নির্দেশে তাদের জামিন মঞ্জুর করা হয় ।এই ঘটনায় গ্রেপ্তার হওয়া প্রত্যেককেই ১০ হাজার টাকার ব্যক্তিগত বন্ডে জামিন দেওয়া হয়েছে ।তাদের মুক্তির খবর ছড়িয়ে পড়তেই পরিবারের সদস্য ও পরিচিতদের মধ্যে স্বস্তির আবহ তৈরী হয়েছে ।এদিকে এই ঘটনায় মোট ২০ জন অভিযুক্তের মধ্যে মাত্র ৫ জনের বিরুদ্ধে শ্রীভূমি পুলিশ চার্জশিট জমা দিয়েছে ।বাকীদের পি আর বন্ডে মুক্তি দেওয়া হয়েছে বলে জেলা আইনজীবি বার সংস্থার সভাপতি তরুণ চক্রবর্তী জানিয়েছেন । তিনি বলেন ---

---

বাইট

গুয়াহাটির একটি হোটেলে পাঁচজন লোককে গুলি করে হত্যা করা সংক্রআন্ত মামলায় অভিযুক্ত ঘনকান্ত গগৈ আজ ভোরে পুলিশের সঙ্গে এনকাউন্টারে নিহত হয়েছে ।

গুয়াহাটি থেকে শিবসাগর নিয়ে যাওয়ার সময় রাস্তায় আজ ভোরে শিবসাগরের ফুলপানীসিগা'র একটি ধাবার কাছে ঘনকান্ত পুলিশকে আক্রমণ করে পলায়নের চেষ্টা করে । প্রত্যুত্তরে পুলিশ গুলি চালাতে বাধ্য হয় এবং পুলিশের গুলিতে অভিযুক্তের মৃত্যু হয় । এই ঘটনায় শিবসাগর টাউন পুলিশের উপ-পরিদর্শক দেবাশিস শর্মা আহত হয়েছেন । উল্লেখ্য- ২০২৪ সালের একটি মামলার পরিপ্রেক্ষিতে পুলিশ ঘনকান্তকে গুয়াহাটি থেকে শিবসাগর নিয়ে যাচ্ছিল ।

জাতীয় আইন সেবা কর্তৃপক্ষ এবং অসম রাজ্য আইন সেবা কর্তৃপক্ষের নির্দেশনায় এবং কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে পকসো আইন-২০১২-এর অধীনে শিশুদের সুরক্ষার লক্ষ্যে দেশব্যাপী শুরু হওয়া সুরক্ষিত বচপন অভিযানের প্রথম পর্য্যায়ে জেলার সাতটি শিক্ষা প্রতিষ্ঠানে শিশু সুরক্ষা ও সচেতনতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে । কাছাড় জেলার গোসাইপুরের বুলবার্ড স্কুল , উধারবন্দের দূর্গানগর নারায়ন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , ডলু উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , ভাঙ্গারপারের স্প্রিং ডেলস একাডেমী , উধারবন্দের জে সি গালর্স হাইস্কুল , পয়লাপুলের নেহরু উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং সোনাইর আর ডি রায় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আজ সচেতনতামূলক কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে । উল্লেখ্য ছাত্র-ছাত্রীদের শিশু অধিকার , ব্যাক্তিগত সুরক্ষা , শিশুদের প্রতি যৌন নির্যাতন প্রতিরোধ , অনলাইন নিরাপত্তা , অভিযোগ জানানোর পদ্ধতি এবং বিনামূল্যে আইনী সহায়তা পাওয়ার সুযোগ সর্ম্পকে সচেতন করে তোলাই হচ্ছে এই অভিযানের মূল উদ্দেশ্য। ।
